‘সিনহা’র মৃত্যুর দায় ব্যক্তির, কোন প্রতিষ্ঠানের নয়’

কক্সবাজারের টেকনাফে পুলিশের গুলিতে অবসরপ্রাপ্ত মেজর রাশেদ সিনহা’র মৃত্যুকে বিচ্ছিন্ন ঘটনা হিসেবে দেখতে চায় সেনাবাহিনী।

বুধবার কক্সবাজারে এক যৌথ সংবাদ সম্মেলনে এ কথা জানান সেনাবাহিনী প্রধান জেনারেল আজিজ আহমেদ।

এসময় তিনি বলেন, ‘সিনহা’র মৃত্যুর ঘটনায় সেনাবাহিনী ও পুলিশ মর্মাহত। তদন্ত কমিটির ওপর সেনাবাহিনী ও পুলিশের আস্থা আছে। এ ঘটনার দায় ব্যক্তির, কোন প্রতিষ্ঠানের নয়।’

সূত্র- বিডি প্রতিদিন

মেজর সিনহা হত্যায় আদালতে মামলা দায়ের

টেকনাফের শামলাপুর চেকপোস্টে সেনাবাহিনীর মেজর (অব.) সিনহা মো. রাশেদ খানকে গুলি করে হত্যা ঘটনায় মামলা হয়েছে।

সিনহা মো. রাশেদ খানের বড় বোন শারমিন বাদী হয়ে বুধবার কক্সবাজার আদালতে একটি হত্যা মামলা দায়ের করেন।

টেকনাফ থানার ওসি প্রদীপ কুমার ও বাহারছড়া ফাঁড়ির ইনচার্জ পরিদর্শক লিয়াকত আলীসহ ৯ জন ও অজ্ঞাতনামা কয়েকজনকে আসামি করা হয়েছে এই মামলায়।

আদালত অভিযোগ আমলে নিয়ে র্যাবকে তদন্তের নির্দেশ দিয়েছেন।

সূত্র- বিডি প্রতিদিন

মেহেরপুরে দূর্ঘটনা প্রতিরোধে জেলা পুলিশের সাঁড়াশি অভিযান

ঈদ উল আযহার ২য় দিন আজ। ইতিমধ্যে সড়কে ঝরেছে ২টি প্রাণ। আহত হয়েছেন ডজন খানেক।

দুর্ঘটনা প্রতিরোধে জেলা পুলিশের দিনব্যাপী চলেছে সাঁড়াশি অভিযান।

মোটরসাইকেল সহ বিভিন্ন যানবাহনে প্রয়োজনীয় কাগজপত্র না থাকায় দেওয়া হয়েছে মামলাও। সেই সাথে শহরের বিভিন্ন ট্রাফিক পয়েন্টে চলেছে চেকিং।

জেলা পুলিশের উদ্যোগে বিতরন করা মাস্ক। সোমবার বিকালের দিকে মেহেরপুর শহরের কোট মোড়, হোটেল বাজার ও বড়বাজার এলাকায় এ প্রচারণা চালানো হয়।

ঝিনাইদহে বিট পুলিশিং কার্যক্রম শুরু

“মুজিববর্ষের অঙ্গিকার পুলিশ হবে জনতার” এ শ্লোগান নিয়ে ঝিনাইদহে বিট পুলিশ কার্যক্রম শুরু হয়েছে। রোববার সকালে শহরের ব্যপারী পাড়ায় বিট পুলিশিং কার্যক্রমের উদ্বোধন করেন পুলিশ সুপার মোঃ হাসানুজ্জামান।

উদ্বোধন শেষে সারাদেশে করোনায় পুলিশ সদস্যসহ যারা মারা গেছে তাদের আত্মার মাগফেরাত কামনা করা হয়। এসময় পুলিশ বিভাগের কর্মকর্তা, সাংবাদিক, সুশীল সমাজের প্রতিনিধিসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

এসময় পুলিশ সুপার মোঃ হাসানুজ্জামান জানান, জেলার ৬টি উপজেলায় মোট ৮৫টি বিট পুলিশিং কার্যালয় খোলা হবে। পুলিশী সেবা মানুষের দোড় গড়াই পৌঁছে দেবার লক্ষ্যে বিট পুলিশিং কার্যক্রম চালু করা হচ্ছে। প্রতিটি বিট পুলিশিং অফিসে একজন এস আই, একজন এএসআই ও তিনজন করে কনস্টেবল খাকবে।

তারা মানুষের কাছ থেকে অভিযোগ গ্রহন করবে। তারপর আইনী ব্যবস্থা নেওয়া হবে। মানুষ দ্রুত পুলিশী সেবা পাবে বলে তিনি আরো জানান।

দামুড়হুদায় ওয়ারেন্টভুক্ত আসামী আক্তারুল আটক

দামুড়হুদা থানা পুলিশের ঝটিকা অভিযানে সিআর ওয়ারেন্টভুক্ত আসামী আক্তারুল ইসলাম ওরফে বাবুকে আটক করেছে দামুড়হুদা থানা পুলিশ।

মঙ্গলবার (২১ জুলাই) মধ্যরাতে আটক করেছে পুলিশ। আটককৃত আক্তারুল ইসলাম বাবু দামুড়হুদা উপজেলার চন্দ্রবাস গ্রামের মো: কাদের বিশ্বাসের ছেলে।

পুলিশ সূত্র জানা- গেছে, দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা সুযোগ্য পুলিশ অফিসার ইনর্চাজ ওসি মো: আব্দুল খালেক এর নেতৃত্বে এ এসআই সাঈদজ্জামান, এ এস আই মো: মুজিবর রহমান সঙ্গীয় ফোর্সসহ, গোপন সংবাদের ভিত্তিতে নিজ বাড়ী চন্দ্রবাস গ্রামে অভিযান চালিয়ে আটক করেছেন পুলিশ।

আটককৃত আক্তারুল ইসলামের দামুড়হুদা থানার একটি সিআর মামলায় আদালত তাকে ওয়ারেন্টভুক্ত গ্রেফতারী পরোয়ানা দেয়। দামুড়হুদা মডেল থানা পুলিশের একটি দল মঙ্গলবার মধ্যরাতে নিজ বাড়ি অভিযান চালিয়ে তাকে আটক করে।

দামুড়হুদা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুল খালেক জানান।

কুষ্টিয়ায় ট্রাক চাপায় পুলিশ সদস্যের মৃত্যু

কুষ্টিয়ার মিরপুরে ট্রাক চাপায় রাশেদুজ্জামান তন্ময় (৪৫) নামক এক পুলিশ সদস্যের মৃত্যু হয়েছে।

বুধবার দুপুরে কুষ্টিয়া-রাজশাহী মহাসড়কের বহলবাড়িয়া নামক স্থানে এ দূর্ঘটনা ঘটে।

নিহত রাশেদুজ্জামান তন্ময় পাকশী রেলওয়ে সার্কেল অফিসার হিসেবে দায়িত্ব পালন করতেন। সে কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার রিফাইতপুর এলাকার মনিরুজ্জামানের ছেলে।

মিরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবুল কালাম জানান, দুপুরের দিকে অফিসিয়াল কাজে মোটরসাইকেলযোগে কুষ্টিয়া শহরের দিকে যাচ্ছিলেন। পথিমধ্যে বহলবাড়ীয়া নামক স্থানে একটি ট্রাক তাকে চাপা দিলে ঘটনাস্থলেই মারা যান। লাশ উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতাল মর্গে পাঠানো হয়েছ।

পুলিশের উর্দ্ধতন কর্মকর্তারা ঘটনাস্থল রয়েছেন বলেও জানান তিনি।

নাটুদাহ পুলিশ ক্যাম্পের জমি সম্প্রসারণ এবং প্রাচীর নির্মাণের উদ্বোধন

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদার থানাধীন নাটুদাহ পুলিশ ক্যাম্পের জমি সম্প্রসারণ এবং প্রাচীর নির্মাণের কাজ উদ্বোধন করেন চুয়াডাঙ্গা’র পুলিশ সুপার মোঃ জাহিদুল ইসলাম।

রবিবার বিকাল সাড়ে ৩ টার সময় নাটুদাহ পুলিশ ক্যাম্পের জমির পরিমাণ সম্প্রসারণ পূর্বক সীমানা প্রাচীর নির্মাণের কাজ উদ্বোধন করেন।

উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিনিয়র সহকারী পুলিশ সুপার জনাব আবু রাসেল, (দামুড়হুদা সার্কেল) এবং অফিসার ইনচার্জ দামুড়হুদা মডেল থানাসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ।

উল্লেখ্য চুয়াডাঙ্গা জেলা পুলিশের পুলিশ সুপার চুয়াডাঙ্গা জেলায় যোগদান করে পুলিশ সুপারের কার্যালয়, পুলিশ পার্ক, পুলিশ লাইন্সসহ বিভিন্ন থানা/ফাঁড়ি ক্যাম্প সমূহের উন্নয়নমূলক কাজ সম্পাদন ও অব্যাহত আছে।

চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার জাহিদুল ইসলাম এর প্রচেষ্টা দিনদিন বৃদ্ধি পাচ্ছে । এই জন্য চুয়াডাঙ্গা জেলা বাসী সচেতন মহল বলেন সত্যিই তিনি প্রশংসার দাবিদার।

দামুড়হুদায় সি আর সাজাপ্রাপ্ত পলাতক আসামী আটক

চুয়াডাঙ্গার দামুড়হুদা থানা পুলিশের অভিযানে ০৬ মাসের সিআর সাজাপ্রাপ্ত পলাতক আসামি আব্দুল হান্নান আলীকে আটক করেছে দামুড়হুদা থানা পুলিশ।

বৃহস্পতিবার (১৬ জুলাই) দুপুর ১ টার দিকে আটক করা হয়। আটককৃত আব্দুল হান্নান দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের কুতুবপুর গ্রামের নসকর শেখের ছেলে।

থানা পুলিশ সূত্রে জানা গেছে, দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো: আব্দুল খালেক এর নেতৃত্বে এএস আই মো: বিল্লাল হোসেন, এএস আই মো: মুজিবর রহমান, সঙ্গীয় ফোর্সসহ, গোপন সংবাদের ভিত্তিতে কুতুবপুর গ্রামে নিজ বসত বাড়ীতে অভিযান চালিয়ে আটক করা হয়।

আটককৃত আব্দুল হান্নান আলীর দামুড়হুদা থানায় ১টি মামলায় আদালত তাকে ০৬ মাসের কারাদণ্ড দেন। এরপর থেকে আব্দুল হান্নান পলাতক ছিলেন।

দামুড়হুদা মডেল থানা পুলিশের একটি দল আজ দুপুর ১ টার দিকে গোপনে নিজ বাড়িতে অভিযান চালিয়ে আটক করেছেন বলে জানান পুলিশ।

মেহেরপুর জেলা পুলিশের উদ্যোগে মাস্ক বিতরণ

মেহেরপুর জেলা পুলিশের নিজ উদ্যোগে অটোরিকশা, ভ্যান চালক, মোটর সাইকেল, আরোহীদের মধ্যে তিন’শ মাক্স বিতরণ করা হয়।

গতকাল মঙ্গলবার বিকালে মেহেরপুর সদরের বিভিন্ন স্থানে মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা শাহদারা মাস্ক বিতরণ কর্মসূচির শুভ উদ্বোধন করেন।

এসময় তিনি বলেন করোনা ভাইরাস প্রতিরোধে আমাদের কে শত ভাগ মাস্ক পরিধান করতে হবে।

মেহেরপুর জেলাবাসী যেনো ভালো থাকে সুস্থ থাকে তারই জন্য প্রথম থেকেই জেলা পুলিশ জনসাধারণকে সতর্ক করে আসছে।

তারই পরিপ্রেক্ষিতে আজ আমরা জনসাধারণকে সচেতন করার পাশাপাশি শতভাগ মাস্ক পরিধান নিশ্চিত করণের লক্ষে মাস্ক বিতরণ করছি।

এ সময় আরো উপস্থিত ছিলেন ট্রাফিক ইন্সপেক্টর ইসমাইল হোসেন, আব্দুল্লাহ, জাহাঙ্গীর প্রমুখ।

চুয়াডাঙ্গার ভালাইপুর বাজারে স্থাপন হচ্ছে পুলিশ ক্যাম্প

সকল জল্পনা-কল্পনার অবসান ঘটিয়ে দীর্ঘ ১০ বছর চেষ্টার পরে চুয়াডাঙ্গা জেলার ভালাইপুর বাজারে পুলিশ ক্যাম্প স্থাপন হতে যাচ্ছে।

গতকাল সোমবার সকাল সাড়ে ৯ ঘটিকার সময় চুয়াডাঙ্গা জেলার ভালাইপুর বাজারে, ভালাইপুর মোড় বাজার কমিটির উদ্যোগে পুলিশ ক্যাম্প নিয়ে এক আলোচনা সভার আয়োজন করা হয়।

বাজার কমিটির সভাপতি জনাব আমির হোসেনের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সদও থানার ওসি তদন্ত লুৎফর কবির।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সাবেক ১৪ নং চিৎলা ইউপি চেয়ারম্যান জনাব জিল্লুর রহমান, ইসলাম উদ্দিন চেয়ারম্যান, আব্দুস সালাম বিপ্লব চেয়ারম্যান, সৌরভ হোসেন চেয়ারম্যান, আসাদুজ্জামান কবির, আসাদুজ্জামান সুজন।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, ভালাইপুর মোড় দোকান মালিক সমিতির সদস্যবৃন্দ ও ব্যবসায়ীরা।

প্রধান অতিথি বলেন, প্রায় এক বিঘা জমির উপরে এই পুলিশ ক্যাম্প স্থাপন করা হবে। ক্যাম্পের কার্যক্রম এই বছরের ভিতর শুরু করা হবে। ক্যাম্প স্থাপন হলে এলাকার ব্যবসায়ী ও সাধারণ মানুষের নিরাপত্তা দেওয়া সম্ভব হবে।

উল্লেখ্য, ভালাইপুর বাজারটি চুয়াডাঙ্গা জেলার পশ্চিমাঞ্চলের সবচেয়ে জনবহুল এলাকা। এ বাজারে প্রায় পঞ্চাশটি গ্রামের লোক সমবেত হয়। কেউবা জীবিকার তাগিদে, কেউ বা ব্যবসায়ীক কাজে।

এই বাজারে প্রতিদিন প্রায় কোটি টাকার লেনদেন হয়। প্রায় ৫০০ টির ও বেশি দোকানে রয়েছে। সরকারি-বেসরকারি ব্যাংক রয়েছে চারটে। স্কুল কলেজ রয়েছে। অথচ এই বাজারে নিরাপত্তা কোন ব্যবস্থা নেই। যার কারণে ব্যবসায়ীরা হতাশা ও আতঙ্কের ভিতরে থাকে। অবশেষে ব্যবসায়ীরা অসার মুখ দেখছে ভালাইপুর বাজারে পুলিশ ক্যাম্প হওয়ার

□□□□□